



ঢাকা বিশ্ববিদ্যালয়

বিশেষ জরুরী বিজ্ঞপ্তি

আকিজ-মনোয়ারা শিক্ষা সহায়তা বৃত্তি: ২০২৪-২০২৫

যে সকল শিক্ষার্থী আবেদন ফর্ম জমা দিয়েছেন তাদেরকে আগামী ০৮/০১/২০২৬ তারিখের মধ্যে বিভাগ থেকে প্রত্যয়ন পত্র সংগ্রহ করে জমা দিতে হবে অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আকিজ-মনোয়ারা শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ১ম বর্ষে (শিক্ষাবর্ষ ২০২৪-২০২৫) অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্য হতে মেধাবী ও আর্থিক ভাবে অসচ্ছল ১৫০ (একশত পঞ্চাশ) জন শিক্ষার্থীদেরকে প্রতিমাসে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে এক বছরের জন্য বৃত্তি প্রদান করবেন। আবেদন ফর্ম রেজিস্ট্রারের অফিসে ২০৭(খ) বৃত্তি শাখা থেকে সংগ্রহ করে অথবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট du.ac.bd থেকে ফর্ম ডাউনলোড করা যাবে। সংযুক্ত প্রোফর্মা অনুযায়ী আবেদন ফর্মে বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও সীলসহ আগামী ০৮/০১/২০২৬ তারিখের মধ্যে আবেদন ফর্ম গ্রহণ ও জমা দেয়া যাবে। আবেদন পত্রের সাথে অবশ্যই প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।

আবেদনপত্রের শর্তাবলী:

- ১। জাতীয় পরিচয়পত্র (NID) অথবা জন্ম সনদপত্রের ফটোকপি।
- ২। প্রত্যয়ন পত্র।
- ৩। অভিভাবকের আয়ের সনদের ফটোকপি।
- ৪। আবেদনপত্রে বিভাগীয় প্রধানের স্বাক্ষর।
- ৫। এইচ এস সি মার্কশিটের ফটোকপি।
- ৬। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি স্লিপের ফটোকপি।
- ৭। প্রতিবন্ধী সনদপত্র (যদি থাকে)।

আপনার বিশ্বস্ত,


০৮/০১/২০২৬

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)

ঢাকা বিশ্ববিদ্যালয়।

স্মারকনং-রেজিঃ/শিক্ষা-৫/২০৭(খ)/৪৬৬২০ - ৩১৭

তারিখঃ

২০/১/১৪৩২

৪/১/২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ৫। জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ৬। পরিচালক, আইসিটি(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়
(বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)